

জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, যশোর বোর্ড ২০১৬

গণিত

বিষয় কোড : 1 0 9

সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ২০ মিনিট

মান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ : পাঠিগণিত

- ১। একটি দ্রব্য ৯% ক্ষতিতে বিক্রয় করা হলো। দ্রব্যটি আরও ৯০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৯% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্যের সমপরিমাণ টাকা বার্ষিক ১০.৫০% মুনাফায় ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখা হলো।
- ক. ৯% সরল মুনাফায় ৯০০ টাকার ৩ বছরের মুনাফা নির্ণয় কর। ২
- খ. দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা? ৪
- গ. চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় কর। ৪
- ২। ৫০ মিটার দৈর্ঘ্য ও ৪০মিটার প্রস্থবিশিষ্ট একটি মাঠের ঠিক মাঝ দিয়ে আড়াআড়িভাবে ৩মিটার চওড়া দুইটি রাস্তা আছে।
- ক. সংক্ষিপ্ত বর্ণনাসহ আনুপাতিক চিত্র আঁক। ২
- খ. রাস্তা দুইটির মোট ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ. ২৫ সেমি. দৈর্ঘ্য ও ১০ সেমি. প্রস্থবিশিষ্ট ইট দ্বারা রাস্তা বাঁধতে কতগুলি ইট লাগবে? ৪

খ বিভাগ : বীজগণিত

- ৩। $x^2 - 4x + 1 = 0$.
- ক. $x + \frac{1}{x}$ = কত? ২
- খ. $x^3 + \frac{1}{x^3}$ এর মান নির্ণয় কর। ৪
- গ. প্রমাণ কর যে, $x^4 + \frac{1}{x^4} = 194$ ৪
- ৪। কোনো ভগ্নাংশের লবের সাথে ৭ যোগ করলে ভগ্নাংশটির মান ২ হয় এবং হর থেকে ২ বাদ দিলে ভগ্নাংশটির মান ১ হয়।
- ক. ভগ্নাংশের লবকে x এবং হরকে y ধরে তথ্যগুলিকে সমীকরণ আকারে প্রকাশ কর। ২
- খ. (x, y) এর মান নির্ণয় কর এবং ভগ্নাংশটি নির্ণয় কর। ৪
- গ. লেখচিত্র অঙ্কন করে প্রাপ্ত ফলাফলের সত্যতা যাচাই কর। ৪

৫।	যে সকল স্বাভাবিক সংখ্যা দ্বারা 311 ও 419 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 23 অবশিষ্ট থাকে এদের সেট যথাক্রমে A ও B.	
ক.	B সেট নির্ণয় কর।	২
খ.	A ∩ B নির্ণয় কর।	৪
গ.	A ∪ B এবং A ∩ B কে তেনচিত্রে প্রদর্শন কর।	৪

গ বিভাগ : জ্যামিতি

৬।	ABCD সামান্তরিকের AC ও BD কর্ণসমূহ পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে। ক. সংক্ষিপ্ত বিবরণসহ চিত্র আঁক। খ. প্রমাণ কর যে, $AO = CO$ এবং $BO = DO$.	২ ৮
গ.	কর্ণ $AC =$ কর্ণ BD হলে, প্রমাণ কর যে, ABCD একটি আয়ত।	৮
৭।	কোনো চতুর্ভুজের দুইটি সমিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 4 সে.মি. ও 5 সে.মি. এবং তিনটি কোণ যথাক্রমে 60° , 70° ও 100° । ক. প্রদত্ত তথ্যগুলিকে চিত্রের মাধ্যমে প্রকাশ কর। খ. চতুর্ভুজটি অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] গ. প্রদত্ত বাহুসমূহকে রম্বসের কর্ণ ধরে রম্বস অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক]	২ ৮ ৮
৮।	O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB ও CD দুইটি জ্যা। O বিন্দু হতে AB ও CD জ্যা এর উপর যথাক্রমে OE ও OF লেখ। ক. তথ্যানুযায়ী সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্র আঁক। খ. $OE = OF$ হলে প্রমাণ কর যে, $AB = CD$. গ. $AB > CD$ হলে প্রমাণ কর যে, $OE < OF$.	২ ৮ ৮

ঘ বিভাগ : পরিসংখ্যান

৯।	৮ম শ্রেণির ৪০ জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর দেওয়া হলো :	
	৭০, ৮০, ৩৫, ৬০, ৫৫, ৫৮, ৮৫, ৬০, ৬৫, ৮০,	
	৭০, ৮৬, ৫০, ৬০, ৬৫, ৭০, ৫৮, ৬০, ৮৮, ৭০,	
	৩৬, ৮৫, ৬০, ৫০, ৮৬, ৬৫, ৫৫, ৬১, ৭২, ৮৫,	
	৯০, ৬৮, ৬৫, ৫০, ৮০, ৫৬, ৬০, ৬৫, ৮৬, ৭৬।	
ক.	শ্রেণি ব্যবধান ৫ ধরে শ্রেণি সংখ্যা নির্ণয় কর।	২
খ.	প্রদত্ত উপাত্ত হতে মধ্যক ও প্রচুরক নির্ণয় কর।	৪
গ.	সারণি তৈরি করে গড় নির্ণয় কর।	৪

জুনিয়র স্কুল সাটিফিকেট পরীক্ষা, ঘণ্টাৰ বোর্ড ২০১৬

গণিত

বিষয় কোড : 1 0 9

সময়—৪০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য : সবৰহাহৃত বহুনির্বাচনি অভীক্ষাৰ উত্তৰপত্ৰেৰ প্ৰশ্নেৰ ক্ৰমিক নম্বৰেৰ বিপৰীতে সঠিক উত্তৰেৰ বৰ্ণটিতে টিক(✓) চিহ্ন দাও।
প্ৰতিটি প্ৰশ্নেৰ মান ১। সকল প্ৰশ্নেৰ উত্তৰ দিতে হবে।]

১. ১ থেকে ১০ পৰ্যন্ত মৌলিক সংখ্যা কয়টি?
 (ক) ৩ (খ) ৪ (গ) ৫ (ঘ) ১০
২. ০, ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১,
তালিকার সংখ্যাগুলি কোন ধৰনেৱ?
 (ক) মৌলিক (খ) যৌগিক
 (গ) ফিৰোনাক্ষি (ঘ) সহ-মৌলিক
৩. স্বাভাৱিক সংখ্যাৰ ক্ষেত্ৰে—
 i. ৩ ক্রমেৰ ম্যাজিক সংখ্যা হবে, ১৫
 ii. $6^2 + 8^2 = 18^2$
 iii. ১ থেকে ১০ পৰ্যন্ত ক্ৰমিক স্বাভাৱিক
সংখ্যাৰ যোগফল, ৫৫
নিচেৰ কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৪. টাকায় ৩টি দৱে কিনে টাকায় ২টি দৱে বিক্ৰি
কৰলে শতকৱা কত লাভ হবে?
 (ক) ২০% (খ) ৩০% (গ) ৫০% (ঘ) ৬০%
৫. একটি দ্রব্য ৬০ টাকায় ক্ৰয় কৰে ৫৭ টাকায়
বিক্ৰয় কৰলে শতকৱা কত ক্ষতি হবে?
 (ক) ৪% (খ) ৫% (গ) ৬% (ঘ) ৭%
৬. মুনাফার হার ২% বৃদ্ধি পাওয়ায় ৪ বছৱে ১২৮
টাকা আয় বাঢ়ে। মূলধন কত টাকা?
 (ক) ১৪০০ (খ) ১৬০০ (গ) ১৮০০ (ঘ) ২২০০
- উদ্ধীপকটি পড়ে ৭ ও ৮ নং প্ৰশ্নেৰ উত্তৰ দাও :
কোনো শহৱেৰ বৰ্তমান জনসংখ্যা ৩০ লক্ষ
এবং ঐ শহৱেৰ জনসংখ্যা বৃদ্ধিৰ হার প্ৰতি
হাজাৰে ৩০ জন।
৭. জনসংখ্যা বৃদ্ধিৰ হার কত?
 (ক) ৩০% (খ) ৫% (গ) ৩% (ঘ) ২%
৮. ৩ বছৱেৰ পৱ ঐ শহৱেৰ জনসংখ্যা কত হবে?
 (ক) ৩০,৭০,৭৫০ (খ) ৩১,৭৫,৭৫০
 (গ) ৩২,৭০,৫৫০ (ঘ) ৩২,৭৮,১৮১
৯. একটি আয়তাকাৰ ক্ষেত্ৰেৰ দৈৰ্ঘ্য ৩৩০ গজ, প্ৰস্থ
দৈৰ্ঘ্যেৰ এক তৃতীয়াংশ হলৈ প্ৰস্থ কত মিটাৰ?
 (ক) ১০০.৫৮৮ (খ) ১১০.৫৮৮
 (গ) ১৪০.৫৮৮ (ঘ) ৮৮০.৫৮৮
১০. এক বৰ্গজ = কত বগমিটাৰ?
 (ক) ০.২৪ (প্ৰায়) (খ) ০.৪৫ (প্ৰায়)
 (গ) ০.৬৪ (প্ৰায়) (ঘ) ০.৮৪ (প্ৰায়)
১১. $x^2y + xy^2$ এবং $x^3 + y^3$ এৰ গ.স.গু কত?
 (ক) $x + y$ (খ) $x(x + y)$
 (গ) $x^2 + y^2$ (ঘ) $x^3 + y^3$
১২. $x^2 - 9$ এবং $x^2 - 3x$ এৰ ল. সা. গু. কত?
 (ক) $x^2 - 3x$ (খ) $x^2 - 9$
 (গ) $x + 3$ (ঘ) $x(x^2 - 9)$
১৩. $a^6 - b^6$ এৰ উৎপাদক কোনটি?
 (ক) $(a - b)(a^5 - b^5)$
 (খ) $(a^2 + b^2)(a^4 + a^2b^2 + b^4)$
 (গ) $(a^2 - b^2)(a^4 + a^2b^2 + b^4)$
 (ঘ) $(a^3 - b^3)(a^4 + a^2b^2 + b^4)$
১৪. $a + \frac{1}{a} = 3$ হলে—
 i. $a^3 + \frac{1}{a^3} = 18$
 ii. $\left(a - \frac{1}{a}\right)^2 = 5$ iii. $\left(a + \frac{1}{a}\right)^3 = 27$
নিচেৰ কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
১৫. $\frac{x^2 + 4x + 4}{x^2 - 4}$ এৰ লঘিষ্ঠ রূপ কোনটি?
 (ক) $\frac{x + 2}{x - 2}$ (খ) $\frac{x - 2}{x + 2}$
 (গ) $\frac{x^2 + 4x + 4}{x - 2}$ (ঘ) $\frac{x^2 + 4x + 4}{x + 2}$
১৬. $\frac{3x^2}{2a} + \frac{4y^2}{15zx} =$ কত?
 (ক) $\frac{45zx^3}{8ay}$ (খ) $\frac{45zx^2}{8ay}$ (গ) $\frac{45zx^3}{8ay^2}$ (ঘ) $\frac{45z^2x^2}{8ay^2}$
১৭. ফাঁকা সেট এৰ উপসেট সংখ্যা কতটি?
 (ক) ০ (খ) ১ (গ) ২ (ঘ) অসংখ্য
১৮. সেট তত্ত্বেৰ জনক কে?
 (ক) জন ভেন (খ) গ্যালিলিও
 (গ) পিথাগোৱাস (ঘ) জৰ্জ ক্যান্টোৱ
১৯. $A = \{2, 4, 6, 7, 8\}$ এবং $B = \{2, 4, 6\}$ হলে
 $A \cap B$ এৰ উপসেট সংখ্যা কত?
 (ক) ৩ (খ) ৮ (গ) 16 (ঘ) 32
২০. দুইটি সংখ্যাৰ সমষ্টি 36 এবং অনুপাত 5 : 4
হলে বৃহত্তম সংখ্যাটি কত?
 (ক) 20 (খ) 16
 (গ) 14 (ঘ) 10

■ উদ্বীপকটি পড়ে ২১–২৩নং প্রশ্নের উত্তর দাও :
বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ
অপেক্ষা ৫ বছর বেশি এবং দুইজনের বর্তমান
বয়সের সমষ্টি ৪০ বছর।

২১. পুত্রের বর্তমান বয়স x বছর হলে, পিতার
বর্তমান বয়স নিচের কোনটি?

- (ক) $x(2x + 5)$
- (খ) $x(2x - 5)$
- (গ) $2x - 5$
- (ঘ) $2x + 5$

২২. পুত্রের বর্তমান বয়স কত বছর?

- (ক) ২৫
- (খ) ৩৫
- (গ) ৫৫
- (ঘ) ৭৫

২৩. ৫ বছর পরে পিতা ও পুত্রের বয়সের অনুপাত
কত হবে?

- (ক) $5 : 11$
- (খ) $11 : 5$
- (গ) $2 : 1$
- (ঘ) $1 : 2$


২৪. একটি বাস্তুর দৈর্ঘ্য ৮ মিটার, প্রস্থ ৩মিটার
এবং উচ্চতা ২ মিটার হলে, বাস্তুর আয়তন
কত ঘনমিটার?

- (ক) ২৮
- (খ) ২৪
- (গ) ১৮
- (ঘ) ৯

২৫. সোনা পানির তুলনায় ১৯.৩ গুণ ভারী। ১ ঘন
সেমি. পানির ওজন ১ গ্রাম হলে, ১০ ঘন সেমি.
সোনার ওজন কত গ্রাম?

- (ক) ১
- (খ) ১.৯৩
- (গ) ১৯.৩
- (ঘ) ১৯৩

■ উদ্বীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :



২৬. AC দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট বর্গের ক্ষেত্রফল
কত বর্গ সে.মি.?

- (ক) ৬
- (খ) ৯
- (গ) ৯.৫
- (ঘ) ১৮.৫

২৭. $\triangle ACD$ এর পরিসীমা ৪ সেমি হলে $AD =$ কত সেমি.?

- (ক) ১.২
- (খ) ২.১
- (গ) ২.২
- (ঘ) ২.৪


২৮. ২৫০ মি.লি. আয়তনের পানির ওজন কত কেজি?

- (ক) ০.২৫
- (খ) ০.৫
- (গ) ২৫
- (ঘ) ২৫০

২৯. একটি ঘূড়ির চার কোণের সমষ্টি কত?

- (ক) 360°
- (খ) 300°
- (গ) 180°
- (ঘ) 90°

৩০. আয়তটি লক্ষ্য কর, যার E, AD এর মধ্যবিন্দু।



i. $\triangle ABE \cong \triangle CDE$

ii. $\square ABCD = 2 \times \triangle BEC$

iii. $\triangle BCE = 25$ বর্গ মিটার

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

৩১. ত্রিভুজের বাহুগুলির অনুপাত $1 : 1 : \sqrt{2}$,
ত্রিভুজটি কোন ধরনের?

- (ক) সমকোণী
- (খ) সমবাহু
- (গ) স্থূলকোণী
- (ঘ) বিষমবাহু

৩২. ABC ত্রিভুজের BC অতিভুজ হলে—

- i. $\angle A =$ সমকোণ
- ii. $\angle B$ ও $\angle C =$ সূক্ষ্মকোণ
- iii. $\angle B + \angle C = 90^\circ$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৩৩. π (পাই) কোন ভাষার অঙ্কর?

- (ক) ল্যাটিন
- (খ) জাপানি
- (গ) গ্রীক
- (ঘ) সংস্কৃত

■ উদ্বীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :
একটি গাড়ির চাকার ব্যাসার্ধ = ৪ সেমি।

৩৪. গাড়ির চাকার পরিধির মান কত সেমি?

- (ক) 24.13
- (খ) 25.13
- (গ) 26.13
- (ঘ) 27.13

৩৫. গাড়ির চাকার ক্ষেত্রফল কত বর্গ সেমি?

- (ক) 16π
- (খ) 8π
- (গ) 4π
- (ঘ) 2π

৩৬. পাই চিরি হলো—

- i. এক ধরনের লেখচিত্র
- ii. বৃত্ত লেখ
- iii. কোনো পরিসংখ্যানকে 360° এর অংশ
হিসাবে উপস্থাপন করা

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৩৭. শ্রেণির নিম্নসীমা ও উচ্চসীমা যোগ করে ২ স্বারা
ভাগ করলে নিচের কোনটি পাওয়া যায়?

- (ক) শ্রেণি সীমা
- (খ) প্রচুরক
- (গ) শ্রেণি ব্যবধান
- (ঘ) শ্রেণি মধ্যবিন্দু

৩৮. কোনো শ্রেণির ট্যালি সংখ্যা হলো ঐ শ্রেণির —

- (ক) গণসংখ্যা
- (খ) মধ্যমান
- (গ) শ্রেণি পরিসর
- (ঘ) শ্রেণি ব্যবধান

■ উদ্বীপকটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও :
৮ম শ্রেণির ১০জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর
নিচে দেওয়া হলো—

৪৮, ৪১, ৫০, ৪৭, ৪০, ৩৮, ৪৬, ৪৩, ৪৫, ৫০।

৩৯. প্রদত্ত উপাঞ্চলগুলির পরিসর কত?

- (ক) ১০
- (খ) ১১
- (গ) ১২
- (ঘ) ১৩

৪০. প্রদত্ত নম্বরগুলোর গড় কত?

- (ক) ৪৪.৫
- (খ) ৪৪.৮
- (গ) ৪৫.৫
- (ঘ) ৪৫.৮

১	খ	২	গ	৩	ব	৪	গ	৫	ব	৬	ব	৭	গ	৮	ব	৯	ক	১০	ব	১১	ক	১২	ব	১৩	গ	১৪	ব	১৫	ক	১৬	গ	১৭	ব	১৮	ব	১৯	ব	২০	ক
২১	ব	২২	ক	২৩	গ	২৪	ব	২৫	ব	২৬	ব	২৭	গ	২৮	ক	২৯	ক	৩০	ব	৩১	ক	৩২	ব	৩৩	গ	৩৪	ব	৩৫	ক	৩৬	ব	৩৭	ব	৩৮	ক	৩৯	ব	৪০	ব